

## মন্ত্রিপরিষদ বিভাগের জুন ২০১৪ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: জুন ২০১৪

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ০৭ জুলাই ২০১৪

### (১) প্রশাসনিক :

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে )

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পুরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়: মন্ত্রিপরিষদ বিভাগ	২০৮	১৭৯	২৯
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,০৭৩	৮৮৪	১৮৯
মোট	১,২৮১	১,০৬৩	২১৮

ক. ২ শূন্য পদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদুর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	৫	৮	১ ২	০৪	২৯
দুর্নীতি দমন কমিশন	-	-	৬৬	৩৩	৮৯	০১	১৮৯*

\* সুপারনিউমারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্য পদের নাম	গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	০৮	০৮	
দুর্নীতি দমন কমিশন	০১	-	০১	-	-	-	১ জন সহকারী পরিচালককে উপপরিচালক পদে পদোন্নতি প্রদান করা হয়।

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: **নেই।**

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১	৫	০১ জুন ২০১৪ তারিখে Governance & Development শীর্ষক বক্তৃতা প্রদানের জন্য বিপিএটিসি সভার, ঢাকা গমন করেন এবং ২৪-২৮ জুন ২০১৪ মেয়াদে আইডিবি'র ৪০তম প্রতিষ্ঠা বার্ষিকী এ বং ৩৯তম বার্ষিক সভায় অংশগ্রহণের জন্য সৌদি আরব সফর করেন।
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য) : প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক ( কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ বৎসরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Supporting the Good Governance Programme (SGGP)	-	<ul style="list-style-type: none"> <li>জুন ২০১৩ পর্যন্ত ব্যয় হয় ৭.২৫ কোটি টাকা (এ ডিবি এবং জিওবি অর্থায়ন) ব্যয়ের হার ৯ ৫ শতাংশ।</li> <li>জুন ২০১৪ মাসে প্রকল্পে কোন ব্যয় হয়নি।</li> </ul>	-	-	প্রকল্পের কাজ চলমান রয়েছে।

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে) : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশীটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	০০	০০	০৭টি	মন্ত্রিপরিষদ বিভাগের ০৭টি অডিট আপত্তি মামলা টাকার চতুর্থ সহকারী জজ আদালতের মামলা নং- ৭/২০০০-এর আওতায় বিচারাধীন রয়েছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	২৫টি	২৮৫.১২	-	-	২৫টি	ত্রিপর্যায় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	৩৬টি	৯৮৫.৩৫	০৪	০০	৩৬টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কে ইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা / বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ- বৎসরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	০২
দুর্নীতি দমন কমিশন- ১১	-	-	-	-	১১	৯

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা / এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	67 <sup>th</sup> Meeting of Technical Discussion on Civil Registration and Vital Statistics স্থান: ভারত	১৬-১৭ জুন ২০১৪	World Health Organization (WHO)	১ জন (অতিরিক্ত সচিব)
	২।	‘Strengthening Government through Capacity Development of the BCS Cadre Officials’ শীর্ষক প্রকল্পের আওতায় Professional Development Program	১১-২৫ জুন ২০১৪	জনপ্রশাসন মন্ত্রণালয়	১ জন (যুগ্মসচিব)

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা / এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
		স্থান: মালয়েশিয়া			
	৩।	‘Strengthening Government through Capacity Development of the BCS Cadre Officials’ শীর্ষক প্রকল্পের আওতায় শিক্ষা সফর স্থান: যুক্তরাজ্য	১০-১৫ জুন ২০১৪	জনপ্রশাসন মন্ত্রণালয়	১ জন (যুগ্মসচিব)
	৪।	Alumni workshop স্থান: ভারত	২৫-২৬ জুন ২০১৪	International Centre for Local Democracy (ICLD)	১ জন (যুগ্মসচিব)
	৫।	National Development Strategy Planning Program for Bangladesh Government Officials- ‘Efficient Management of Public Finance’ স্থান: কোরিয়া	৮-২১ জুন ২০১৪	Korea International Cooperation Agency (KOICA)	২ জন (১ জন যুগ্মসচিব ও মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব)
	৬।	৯৩তম এসিএডি প্রশিক্ষণ কোর্স স্থান: থাইল্যান্ড	১৩-২২ জুন ২০১৪	জনপ্রশাসন মন্ত্রণালয়	২ জন (২ জন উপসচিব)
	৭।	Regional Workshop on Social Media for Development স্থান: কোরিয়া	১৩-২২ জুন ২০১৪	Asian and Pacific Training Centre for Information and Communication Technology for Development (APCICT)	১ জন (উপসচিব)
দুর্নীতি দমন কমিশন		-	-	-	-

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

- মন্ত্রিপরিষদ বিভাগের ০৫ জন প্রথম শ্রেণির কর্মকর্তাকে ২০ এপ্রিল ২০১৪ হতে ১০ জুন ২০১৪ তারিখ পর্যন্ত Server & Security Administration সংক্রান্ত, ৪৯ জন প্রথম শ্রেণির কর্মকর্তাকে ১১ জুন ২০১৪ থেকে ২৪ জুন ২০১৪ তারিখ পর্যন্ত Training Course on Development Project Proposal (DPP), Procurement Act & Rule (PPA-2006 & PPR-2008), Procurement Plan, Delegation of financial power সংক্রান্ত এবং ২০১৩-১৪ অর্থ-বছরের রাজস্ব বাজেট থেকে আচরণ, শৃঙ্খলা এবং অফিস ব্যবস্থাপনা কোর্সে ৪১জন দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়।
- দুর্নীতি দমন কমিশনে কর্মরত ৩০ জন কর্মকর্তা ০৬ এপ্রিল হতে ১৯ জুন ২০১৪ তারিখ পর্যন্ত কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ে ‘রিফ্রেসার্স কোর্স’ শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোমগ্ননের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অনু দ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অনু দ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না; হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ১০ জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার ০৫টি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০৩টি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০১টি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ০২টি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ০৩টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ০২ জুন ২০১৪ তারিখে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১০৯তম সভা অনুষ্ঠিত হয়।

(৩) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি সফরে ০৬ জুন ২০১৪ তারিখ চীনের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন এবং ১১ জুন ২০১৪ তারিখ ঢাকায় প্রত্যাবর্তন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৪) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ সরকারি সফরে ১২ জুন ২০১৪ তারিখ বলিভিয়া ও যুক্তরাষ্ট্রের উদ্দেশে ঢাকা ত্যাগ এবং ২২ জুন ২০১৪ তারিখ ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৫) সরকার যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ জিয়াউদ্দিনকে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের রাষ্ট্রদূত পদে নিয়োজিত থাকাকালীন প্রতিমন্ত্রীর পদমর্যাদা, বেতন-ভাতা এবং আনুষঙ্গিক সুবিধাদি প্রদান করায় মন্ত্রিপরিষদ বিভাগের ১০ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের প্রজ্ঞাপনমূলে জারিকৃত প্রতিমন্ত্রীর পদমর্যাদায় অ্যামবাস্যাডার -অ্যাট-লার্জ হিসাবে তাঁর নিয়োগের আদেশ বাতিল করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ৩০ জুন ২০১৪ তারিখে সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়।

(৬) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে ০৭ জুন ও ২৫ জুন ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর ২টি সার-সংক্ষেপ প্রেরণ করা হয়।

(৭) মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৩-১৪ অর্থ-বছরের সম্পূরক মঞ্জুরি দাবির ওপর জাতীয় সংসদে ভোট গ্রহণকালে মন্ত্রিপরিষদ বিভাগের বিভিন্ন খাতে ২০১৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ-বছরের প্রয়োজনীয় সাকুল্য অনুন্নয়ন/উন্নয়ন ব্যয় নির্বাহকল্পে মহামান্য রাষ্ট্রপতিকে ২ কোটি ৫১ লক্ষ ১৭ হাজার টাকা মঞ্জুরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য প্রেরণ করা হয়।

(৮) বেতন ও চাকরি কমিশন থেকে প্রাপ্ত সরকারি/আধা-সরকারি/স্ব-শাসিত প্রতিষ্ঠান ও অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য প্রশ্নমালা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক পূরণ করে এবং জাতীয় বেতন স্কেলের আওতাভুক্ত চাকরিজীবীদের জন্য বেতন ও চাকরি সংক্রান্ত তথ্য, উপাত্ত ও মতামত অপর প্রশ্নমালার মাধ্যমে সংগ্রহ করে ১১ জুন ২০১৪ তারিখে বেতন ও চাকরি কমিশন-২০১৩, অর্থ বিভাগে প্রেরণ করা হয়।

(৯) ১৯ জুন ২০১৪ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভায় ৩৪টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(১০) ২৩-২৫ জুলাই ২০১৩ তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত স্বল্পমেয়াদি ১ ৫৯টি সিদ্ধান্তের মধ্যে প্রতিবেদনাধীন মাস পর্যন্ত মোট ১৫৩টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। বাস্তবায়নের হার ৯৬ শতাংশ।

(১১) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির ৩২তম সভা ১৯ জুন ২০১৪ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়।

(১২) শাস্তি-শৃঙ্খলা রক্ষার্থে ৫ জন কর্মকর্তাকে বিভিন্ন আইনের আওতায় মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণ করা হয়।

(১৩) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিটভুক্ত ১৫০ জন, নথিভুক্তির সংখ্যা ৫৪ জন, বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদানকৃত ৫৫ জন এবং তদন্তে অপরাধ প্রমাণিত না হওয়ায় অব্যাহতি প্রাপ্ত ৫৫ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(১৪) প্রতিবেদনাধীন মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৩ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া যায়। অভিযোগসমূহের মধ্যে ৬ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হয়নি | ০২ জন কর্মকর্তার বিরুদ্ধে তদন্তে প্রাথমিকভাবে অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলা রুজু করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(১৫) সর্বোচ্চ সংখ্যক মোবাইল কোর্ট পরিচালনা ও মামলা নিষ্পত্তির জন্য রাজশাহী জেলা ম্যাজিস্ট্রেট এবং সর্বোচ্চ পরিমাণ জরিমানা আদায়ের জন্য চট্টগ্রাম জেলা ম্যাজিস্ট্রেটকে ১২ জুন ২০১৪ তারিখে ধন্যবাদ জ্ঞাপন করে পত্র প্রেরণ করা হয়।

(১৬) ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের সময় পাক হানাদার বাহিনী ও তাদের সহযোগী রাজাকার, শান্তি কমিটি, আল-বদর ও আল-শামস বাহিনী কর্তৃক হত্যা, গণহত্যা, ধর্ষণ, লুণ্ঠন, অগ্নিসংযোগ, মানবতাবিরোধী অপরাধসহ অন্যান্য অপরাধের তদন্ত কাজে সহায়তার জন্য তথ্য উপাত্ত প্রেরণ প্রসঙ্গে ০৪ জুন ২০১৪ তারিখে জেলা প্রশাসক, নীলফামারী বরাবর পত্র দেওয়া হয়।

(১৭) বাংলাদেশ-মায়ানমার সীমান্তে সেন্টমার্টিনের অদূরে বঙ্গোপসাগরে অবৈধ পথে বিদেশগামী ৩১৮জন যাত্রী উদ্ধার প্রসঙ্গে ১৮ জুন ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র দেওয়া হয়।

(১৮) মিরপুরের পল্লবী মহল্লার কালশী অবাঞ্ছালী (বিহারী) পল্লীতে সংঘটিত ঘটনার প্রতিবেদন ১৮ জুন ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১৯) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর অধীন ১০ এপ্রিল ২০১৪ তারিখে অনুষ্ঠিত এইচ.এস.সি. পরীক্ষার ইংরেজি দ্বিতীয় পত্রের প্রশ্নপত্র ফাঁসের অভিযোগের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত সুপারিশের ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর ০৯ জুন ২০১৪ তারিখে পত্র প্রেরণ করা হয়।

(২০) কুষ্টিয়া জেলার শিলাইদহে অবস্থিত রবীন্দ্র কুঠিবাড়িতে ভারত সরকারের অনুদানে রবীন্দ্রভবন নির্মাণের জন্য গঠিত কমিটিতে জেলা প্রশাসনের একজন কর্মকর্তাকে অন্তর্ভুক্তির বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি ০৯ জুন ২০১৪ তারিখে সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(২১) চা-বাগানের শ্রমিকদের দৈনিক মজুরি ন্যূনতম ২০০ টাকায় উন্নীতকরণের বিষয়ে জেলা প্রশাসক, হবিগঞ্জের প্রস্তাব বিবেচনার জন্য ০৯ জুন ২০১৪ তারিখে সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(২২) মাঠ পর্যায়ে ভূমি জরিপ কাজে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে জেলা সার্ভে এন্ড সেটেলমেন্ট কমিটি গঠনে জেলা প্রশাসককে সভাপতি এবং উপজেলা নির্বাহী অফিসারকে সদস্য হিসাবে অন্তর্ভুক্তির বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি ০৯ জুন ২০১৪ তারিখে সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(২৩) ঢাকা-সিলেট মহাসড়কে হবিগঞ্জ জেলার অলিপুর রেলগেইট ও লক্ষরপুর রেলগেইটে জরুরিভিত্তিতে ওভারব্রিজ নির্মাণের বিষয়ে জেলা প্রশাসক, হবিগঞ্জের প্রস্তাব ১২ জুন ২০১৪ তারিখে সচিব, সড়ক বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(২৪) জাতীয় মৎস্য সপ্তাহ, ২০১৪ (০২-০৮ জুলাই) উদযাপন উপলক্ষে ১৬ জুন ২০১৪ তারিখে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) পবিত্র রমজান ২০১৪ উপলক্ষে নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী বাজারে সরবরাহ নিশ্চিতকরণ, গার্মেন্টস শ্রমিকদের বেতন-ভাতাদি যথাসময়ে পরিশোধসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও প্রাসঙ্গিক বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত ১৭ জুন ২০১৪ তারিখে সকল বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ করা হয়।

(২৬) নতুন চারটি সীমান্ত হাট চালু করার বিষয়ে মতামত প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিবের সভাপতিত্বে 'সীমান্ত হাট ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য সুপারিশ প্রদানের লক্ষ্যে গঠিত কমিটি'র সভা আহ্বানের বিষয়ে সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৭) বাংলাদেশী নাগরিক কর্তৃক ভারতীয় নারী অপহরণ এবং নিরাপদ হেফাজত হতে উদ্ধার ও ঘটনার সুষ্ঠু তদন্তের বিষয়ে ভারতীয় সুরক্ষা মোর্চা-এর সেক্রেটারি কর্তৃক প্রেরিত ই-মেইল বার্তার ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৯ জুন ১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৮) 'ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব ক্যাবিনেট ডিভিশন' শীর্ষক কর্মসূচির আওতায় মন্ত্রিপরিষদ বিভাগ ও অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের ৪৮ জন কর্মকর্তাকে ১৫ মে ২০১৪ থেকে ০২ জুন ২০১৪ তারিখ পর্যন্ত Training Course on Rules of

Business, Secretariat Instructions, Negotiation Skill Development, Preparation on Notification & Circular, Summary & Minutes সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়।

(২৯) ‘ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব কেবিনেট ডিভিশন’ শীর্ষক কর্মসূচির আওতায় সিরডাপ মিলনায়তনে ২১ জুন ২০১৪ তারিখে বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব/ভারপ্রাপ্ত সচিব/অতিরিক্ত সচিব/যুগ্মসচিব এবং মন্ত্রিপরিষদ বিভাগের প্রথম শ্রেণির কর্মকর্তাদের সমন্বয়ে Performance Management সংক্রান্ত সেমিনার অনুষ্ঠিত হয়।

(৩০) ০৩ জুন ২০১৪ তারিখে LCG Working Group on Governance এর উন্নয়ন সহযোগী সদস্যদের অংশগ্রহণে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়।

(৩১) ২৯ জুন ২০১৪ তারিখে ‘মন্ত্রণালয়/বিভাগে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও সুশাসন’ বিষয়ক গবেষণার ফলাফল উপস্থাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে একটি সেমিনার অনুষ্ঠিত হয়।

(৩২) ২৩ জুন ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয়ের জাতীয় বাতায়ন উদ্বোধনের সময় বিটিসিএল-এর ভিডিও কনফারেন্সিং সিস্টেমের নেটওয়ার্ক নিরবচ্ছিন্ন সংযোগ নিশ্চিত করার জন্য বিটিসিএল-কে পত্র দেওয়া হয়।

(৩৩) মন্ত্রিপরিষদ বিভাগের প্রস্তুতকৃত নতুন ওয়েবসাইটটির ডোমেইন নেম সিস্টেম (ডিএনএস) পরিবর্তনের জন্য বিটিসিএল-কে পত্র দেওয়া হয়।

(৩৪) মন্ত্রিপরিষদ বিভাগের কনফারেন্স কক্ষে ওয়াই-ফাই জোন স্থাপন করা হয়।

(৩৫) ‘Supporting the Good Governance Program’-শীর্ষক কর্মসূচির অবাস্তবায়িত শর্ত (tranche condition) বাস্তবায়ন সংক্রান্ত মতামত চেয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এবং আইন ও বিচার বিভাগে পত্র দেওয়া হয়।

## গ. আগামী দুই (জুলাই-আগস্ট) মাসে সম্পাদিতব্য অতীত গুরুত্বপূর্ণ কাজের তালিকা

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) জেলা প্রশাসক সম্মেলন, ২০১৪ অনুষ্ঠান।

(৬) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।